



সোনালী ব্যাংক পিএলসি

প্রধান কার্যালয়, ঢাকা।

শিক্ষা বৃত্তি ২০২২ সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের অংশ হিসেবে শিক্ষা বৃত্তি ২০২২ প্রদানের নিমিত্ত দেশের দরিদ্র মেধাবী (কৃষক, দিনমজুর, আদিবাসীদের মেধাবী সন্তান, এতিমদের অগ্রাধিকার, প্রতিবন্ধী শিক্ষার্থীদের সর্বোচ্চ অগ্রাধিকার এবং অনগ্রসর ও প্রত্যন্ত অঞ্চল তথা হাওড়া/দ্বীপ/চর এলাকা) শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তে অনলাইনে সোনালী ব্যাংক পিএলসি এর ওয়েবসাইটের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

- ১। (ক) ২০২২ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে এইচএসসি বা সমমান পর্যায়ে অধ্যয়নরত এবং (খ) ২০২২ সালে এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে স্নাতক বা সমমান পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- ২। (ক) এইচএসসি/সমমান পর্যায়ে অধ্যয়নরত সাধারণ শিক্ষার্থীর ক্ষেত্রে এসএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০, বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা /নাতি-নাতনিদের ক্ষেত্রে জিপিএ ৪.৫০ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে। (খ) স্নাতক বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সাধারণ শিক্ষার্থীর ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০, বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা /নাতি-নাতনিদের ক্ষেত্রে জিপিএ ৪.৫০ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে।
- ৩। শুধুমাত্র দরিদ্র শিক্ষার্থী /আদিবাসী শিক্ষার্থী/এতিম/ প্রতিবন্ধী শিক্ষার্থী / অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা / নাতি-নাতনি যাদের পিতা-মাতা/অভিভাবকের মাসিক আয় সর্বোচ্চ ১৫,০০০/- টাকার (মুক্তিযোদ্ধা ভাতা ব্যতিত) বেশী নয় আবেদন করতে পারবেন। স্বচ্ছল ব্যক্তির সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৪। বৃত্তির পরিমাণ এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা।
- ৫। আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী ২০-১২-২০২৩ তারিখ হতে ০৮-০১-২০২৪ তারিখের মধ্যে এ ব্যাংকের ওয়েবসাইট www.sonolibank.com.bd/csr এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। প্রাথমিকভাবে মনোনীত আবেদনকারীদের তালিকা যথাসময়ে সোনালী ব্যাংক পিএলসি এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ৭। প্রাথমিকভাবে মনোনীত আবেদনকারীদেরকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সরবরাহ করতে হবেঃ (ক) প্রাথমিক বাছাইয়ে মনোনীত আবেদনকারী কর্তৃক প্রিন্টকৃত Online Application Form (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলমোহরযুক্ত সুপারিশসহ); (খ) বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত অধ্যয়ন সনদ; (গ) একাডেমিক ট্রান্সক্রিপ্ট, সনদ এবং নাগরিকত্ব সনদ এর সত্যায়িত কপি; (ঘ) জন্ম নিবন্ধন সনদ/এনআইডি এর সত্যায়িত কপি; (ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে শিক্ষার্থীর অভিভাবকের মাসিক আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র (অভিভাবকের পেশা এবং মাসিক আয় উল্লেখ থাকতে হবে) ও চাকুরীরত অভিভাবকদের পদবী ও বেতন স্কেল উল্লেখসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক বেতনের প্রত্যয়নপত্র; (চ) বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনিদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে সম্পর্ক সংক্রান্ত সনদ এবং (ছ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/জেলা সমাজসেবা কার্যালয়/ উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ এর সত্যায়িত কপি।
- ৮। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৯। শিক্ষা বৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী মনোনয়নে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

ডেপুটি জেনারেল ম্যানেজার
রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।